গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০২.০০০০.০১৫.২০.০০৫.১৬-০১ তারিখঃ ০২/০৫/২০১৬ খ্রিঃ।

**বিষয়ঃ** **০১/০৫/২০১৬ খ্রি: তারিখ প্রাকৃতিক দুর্যোগে জরুরী সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০১/০৫/২০১৬ খ্রি: তারিখে দেশব্যাপী বয়ে যাওয়া কাল বৈশাখী ঝড়ে ক্ষয়ক্ষতির বিবরণ আজ ০২/০৫/২০১৬ খ্রি: তারিখ বেলা ১২:০০ টা পর্যন্ত সংগৃহীত জেলা প্রশাসন, জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জাতীয় পত্র-পত্রিকা, টেলিভিশনে প্রচারিত সংবাদ, এনডিআরসিসি হতে প্রাপ্ত তথ্য এবং জরুরী সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রণীত প্রতিবেদন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ০১। | কুমিল্লা : | জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, কুমিল্লা জেলার বুড়িচং উপজেলায় ময়নামতি গ্রামে জনাব আব্দুর রশিদ নামে ০১ জন মারা যায়। যার বয়স ৬২ বছর । |
| ০২। | নোয়াখালী : | জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, নোয়াখালী জেলার সেনবাগ উপজেলায় বৈদ্যুতিক পিলার ভেংগে যায়। যার ফলে উক্ত উপজেলায় বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে যায়। |
| ০৩। | ঢাকা : | জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, ঢাকা জেলার কাওরান বাজার এলাকায় ১৮৬টি বিভিন্ন ধরনের ব্যবসায়ী দোকান আগুনে পুরে যায় এবং ক্ষয়ক্ষতি পরিমাপ নিরুপণ করা হচ্ছে। কোন জীবনহানীর ঘটনা ঘটেনি। দোহার উপজেলায় গাছ পরে ১ জন এবং নবাবগঞ্জ উপজেলায় ৩ জন আহত হয়েছে। |
| ০৪। | লক্ষ্মীপুর : | লক্ষ্মীপুর জেলায় একজন শিশু নৌকা ডুবিতে মারা যায়। |
| ০৫। | চাঁদপুর : | জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলায় গাছ পরে ০১ জন মারা যায়। নাম ও ঠিকানা প্রথমত জানা যায়নি। |
| ০৬। | বি-বাড়ীয়া : | জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, বি-বাড়ীয়া জেলার কসবা উপজেলায় গাছ পরে ০১ জন মারা যায়। নাম ও ঠিকানা এখনও জানা যায়নি। |
| ০৭। | চুয়াডাংগা : | চুয়াডাংগা জেলায় ১ জন নিহত এবং ১ জন আহত হয়েছে। নাম ও ঠিকানা এখনও জানা যায়নি। |
| ০৮। | নরসিংদী : | নরসিংদী জেলার সদর উপজেলায় জনাব মো: আওলাদ হোসেন নামে ১ জন নিহত হয়েছে। যার বয়স ২৫ বছর। |

০৯। অন্য কোন জেলা হতে কোন তথ্যাদি পাওয়া যায়নি তবে তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। ইহা সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০২/০৫/২০১৬

**(মো: ছালেহ উদ্দিন)**
ভারপ্রাপ্ত কর্মকর্তা
জরুরী সাড়াদান কেন্দ্র
ফোনঃ ৯৮৯১৯২৬

**ভারপ্রাপ্ত কর্মকর্তা**
জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (মীম/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০২.০০০০.০১৫.২০.০০৫.১৬-০৪ তারিখঃ ০৪/০৫/২০১৬ খ্রিঃ।

**সময় : বেলা ৩:০০ টা**

**বিষয়ঃ ০৪/০৫/২০১৬ খ্রি: তারিখ আগুনে পুড়ে যাওয়ার বিষয়ে জরুরী সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০৪/০৫/২০১৬ খ্রি: তারিখে ঢাকা, খুলনা ও নোয়াখালী জেলায় আগুনে পুড়ে যাওয়ার বিষয়ে জেলা প্রশাসন, জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জাতীয় পত্র-পত্রিকা, টেলিভিশনে প্রচারিত সংবাদ, এনডিআরসিসি হতে প্রাপ্ত তথ্য এবং জরুরী সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রণীত প্রতিবেদন নিম্নরুপ:

০১। ঢাকা : রাজধানী ঢাকার ফার্মগেট এলাকার গ্রীণ রোডের আমবাগান বস্তীতে ৪০-৫০ টি ঘর আগুনে পুড়ে যায়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর আগুন নিয়ন্ত্রণে আনেন। ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি, তবে নিরুপণের কাজ চলছে।

০২। খুলনা : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, খুলনা জেলার দীঘলিয়া উপজেলায় মন্ডল জুট মিল আগুনে পুড়ে যায়। এতে সব মেশিনারীজ ও যন্ত্রাংশ ক্ষতিগ্রস্থ হয়। ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি, তবে নিরুপণের কাজ চলছে।

০৩। নোয়াখালী : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলায় ছয়আনী বাজার গত রাত্রি ৯:৩০ টার সময় বৈদ্যুতিক শট শার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়। এতে ১৬-১৮ টি দোকান ঘর ক্ষতিগ্রস্থ হয়। ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক ৫-৬ কোটি টাকা হতে পারে বলে জানা যায়।

০২। ইহা সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০৪/০৫/১৬

**(মো: ছালেহ উদ্দিন)**
ভারপ্রাপ্ত কর্মকর্তা
জরুরী সাড়াদান কেন্দ্র
ফোনঃ ৯৮৯১৯২৬

**ভারপ্রাপ্ত কর্মকর্তা**
জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (ত্রাণ/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০২.০০০০.০১৫.২০.০০৫.১৬-০৬ তারিখঃ ০৮/০৫/২০১৬ খ্রিঃ।

সময় : ৩:৩০ টা

বিষয়ঃ **প্রাকৃতিক দুর্যোগে জরুরী সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৬/০৫/২০১৬ খ্রি: ও ০৭/০৫/২০১৬ খ্রি: তারিখ পর্যন্ত দেশব্যাপী বয়ে যাওয়া কাল বৈশাখী ঝড় ও জোয়ারে ক্ষয়ক্ষতির বিবরণ আজ ০৮/০৫/২০১৬ খ্রি: তারিখ সংগৃহীত জেলা প্রশাসন, জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জাতীয় পত্র-পত্রিকা, টেলিভিশনে প্রচারিত সংবাদ, এনডিআরসিসি হতে প্রাপ্ত তথ্য এবং জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রণীত প্রতিবেদন নিম্নরুপ:

০১। কুমিল্লা : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, গতকাল ০৬/০৫/২০১৬ খ্রি: তারিখ সন্ধ্যাবেলায় কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার কামাল্লা, যাত্রাপুর, নবীপুর পূর্ব ও পশ্চিম ইউনিয়নে কাঁচা ঘর-বাড়ী ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বমোট ২৯০ টি ক্ষতিগ্রস্থ হয়। ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি, তবে নিরূপণের কাজ চলছে।

০২। নড়াইল : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, নড়াইল জেলার সদর উপজেলায় ০৭/০৫/২০১৬ খ্রি: তারিখ সন্ধ্যায় কাল বৈশাখী ঝড়ে গাছ চাপায় ০২ জন এবং কালিয়া উপজেলায় ০১ জন নিহত ও ০১ জন আহত হয়। নাম ও ঠিকানা পরবর্তীতে জানানো হবে।

০৩। সিরাজগঞ্জ : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার শেলা পাপড়ী গ্রামে ০৭/০৫/২০১৬ খ্রি: তারিখ সন্ধ্যায় কাল বৈশাখী ঝড়ের সময় বজ্রপাতে জনাব মো: সোহেল (১৬), পিতা- জনাব মো: আ: সামাদ ও জনাব মো: জাহাঙ্গীর আলম (২৮), পিতা- জনাব মো: নুর বক্স নামে দুই জন নিহত হয়।

০৪। সাতক্ষীরা : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার কোলায় গত ০৬/০৫/২০১৬ খ্রি: তারিখে কাল বৈশাখী ঝড় ও প্রবল জোয়ারে ৫টি গ্রামের ৪ শতাধিক চিংড়ি ঘের প্লাবিত হয়। তাৎক্ষণিকভাবে উপজেলা পরিষদ প্রশাসন পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে ক্ষতিগ্রস্থ জায়গাগুলো মেরামত করা হয়। ক্ষয়ক্ষতির পরিমাণ নিরুপনের কাজ চলছে।

০৫। নীলফামারী : জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, নিলফামারী জেলার সৈয়দপুর উপজেলায় ০৭/০৫/২০১৬ খ্রি: তারিখে কাল বৈশাখী ঝড়ে বজ্রপাতে ০১ জন নিহত হয়। বয়স জানা জায়নি।

০২। অন্য কোন জেলা হতে কোন তথ্যাদি পাওয়া যায়নি, তবে তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। ইহা সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০৮/০৫/২০১৬
**(মো: ছালেহ উদ্দিন)**
ভারপ্রাপ্ত কর্মকর্তা
জরুরী সাড়াদান কেন্দ্র
ফোনঃ ৯৮৯১৯২৬

**ভারপ্রাপ্ত কর্মকর্তা**
জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (মীম/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। সংরক্ষণ নথি